



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে একশত কোটি টাকার আবাসন ঋণ প্রকল্প চালু  
প্রকল্পের অধীনে প্রথম চেক হস্তান্তর



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জমি ক্রয়/গৃহ নির্মাণ/ফ্যাট ক্রয়/বাড়ি ক্রয়/গৃহ মেরামত সংক্রান্ত ঋণ প্রকল্পের আওতায় ২৪ এপ্রিল-২০১৮, মঙ্গলবার প্রথম চেক হস্তান্তর অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান আবাসন ঋণ প্রকল্পের আওতায় ঋণের প্রথম চেক গ্রহীতা পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান-এর নিকট চেক হস্তান্তর করেন।

এসময় ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, অর্থ ও হিসাব দপ্তরের অতিরিক্ত পরিচালক ড. সৈয়দ আহম্মদ কর্মকর্তা সমিতির সাধারণ সম্পাদক মোঃ আলতাফ হোসেন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্থায়ী ও পেনশনযোগ্য পদে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এই আবাসন ঋণের সুবিধা লাভ করবেন। অগ্রণী ব্যাংক লিঃ হতে কর্পোরেটর গ্যারন্টির বিপরীতে এই আবাসন ঋণ প্রকল্প চালু করা হয়েছে। বেতন স্কেল ও চাকুরির মেয়াদের ভিত্তিতে একজন শিক্ষক ও কর্মকর্তা সর্বোচ্চ এক কোটি টাকা এবং কর্মচারীগণ সর্বোচ্চ পঞ্চাশ লক্ষ টাকা এবং সহায়ক কর্মচারীগণ সর্বোচ্চ পঁচিশ লক্ষ টাকা ঋণ গ্রহণ করতে পারবেন। এই প্রকল্পের ফলে বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আবাসন সমস্যা অনেকাংশে লাগব হবে।